

**৬.৩ করাত কল স্থাপনের জন্য জমির মালিকানার প্রত্যয়নপত্র প্রদান:****সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):**

আবেদনপ্রাপ্তির পর প্রতিবেদনের জন্য ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ করা হয়। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক প্রতিবেদন এবং স্ক্যাচ ম্যাপসহ প্রতিবেদনপ্রাপ্তির পর প্রয়োজন হলে পক্ষ/পক্ষগণকে নোটিশ প্রদানক্রমে শুনানি গ্রহণ করা হয়। প্রয়োজনে শুনানী গ্রহণ শেষে ও দাখিলীয় কাগজপত্রাদি বিবেচনা এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রতিবেদন পর্যালোচনা করে কোনো আপত্তি না থাকলে প্রত্যয়নপত্র প্রদান করা হয়।

**সেবা প্রাপ্তি সময়:** সাধারণত ২০-৩০ দিন

**প্রয়োজনীয় ফি:** ১। আবেদনে কোর্ট ফি- ২০/- টাকা; ২। প্রসেস জারি ফি – ৫০/- টাকা।

**সেবা প্রাপ্তির স্থান:** উপজেলা ভূমি অফিস

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী:** ১। সহকারী কমিশনার (ভূমি); ২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা।

**প্রয়োজনীয় কাগজপত্র:**

- ১। আবেদনপত্র;
- ২। দাবির/মালিকানার স্বপক্ষীয় কাগজপত্র;
- ৩। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের কপি;
- ৪। আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের কপি;
- ৫। হাল/মিউটেটেড খতিয়ানের কপি;
- ৬। জমির মালিকানার স্বপক্ষীয় কাগজপত্র;
- ৭। স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রত্যয়ন।

**সেবা প্রাপ্তির শর্তাবলি:**

দাবির স্বপক্ষে কাগজ সহ আবেদন দাখিল

**সংশ্লিষ্ট আইন ও বিধি:**

করাত কল (লাইসেন্স) বিধিমালা- ২০১২

**সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:**

জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

## সেবার নাম: করাত কল স্থাপনের জন্য জমির মালিকানার প্রত্যয়নপত্র প্রদান

